



## পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিকপল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)  
মরিচাল, হলারহাট, পিরোজপুর।



টেলিফোন নং- ৬২৩৯৭ ও ৬২২৭৮, ফ্যাক্স নং-৬৩৪৩৩, ইমেল নং- gmppbs@yahoo.com.

স্মারক নং- ২৭.১২.৭৯৮০.৫২১.০১.১৯.২১.

৬৬৮২

তারিখ-

০৬ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ  
২১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

### “রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-এর মোরেলগঞ্জ জোনাল অফিসের জন্য ০১ জন রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

#### শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারি ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাঁদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে।
- ০৫। আলোচ্য পদে নিয়োগপ্রাপ্ত হলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে ৮,০০০.০০ (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে। মাসিক রিটেইনার ফি হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর কর্তন করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার পর যিনি উক্ত পদে অধিষ্ঠিত থাকবেন; তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। নিয়োগপ্রাপ্ত রিটেইনার ডাক্তারকে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেষ্টায় পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী সপ্তাহের যে কোন দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য পৃথক কোন ডিজিট বা ফি দেয়া হবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে। (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেয়া হবে)।
- ১২। আবেদন পত্রের প্রয়োজনীয় শর্তাবলীঃ

আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট- এর ফটোকপি, সম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপিসমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ০৪/০১/২০২২খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।

শেখ মোহাম্মদ আলী  
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)  
পিরোজপুর পবিস।

অনুলিপিঃ (সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিভিল সার্জন, পিরোজপুর/বরগুনা/বাগেরহাট।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, -----
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, -----পিরোজপুর/বরগুনা/বাগেরহাট।
- ০৭। ডিজিএম, মোরেলগঞ্জ/সদর দপ্তর-কারিগরি/মঠবাড়িয়া/স্বরূপকাঠী//নাজিরপুর/পাথরঘাটা জোনাল অফিস, পিরোজপুর পবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম), ভান্ডারিয়া/শরনখোলা/বামনা সাব জোনাল অফিস, পিরোজপুর পবিস।
- ০৯। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-রাজস্ব/অর্থ-হিসাব/প্রশাসন/সদস্য সেবা) সদর দপ্তর, পিরোজপুর পবিস।
- ১০। এজিএম (আইটি-১), পিরোজপুর পবিস- ওয়েব সাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য।
- ১১। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

শেখ মোহাম্মদ আলী  
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)  
পিরোজপুর পবিস।